১১ বছর পর অভিনয়ে ফিরছেন শিল্পা শেঠি

১১ বছর পর অভিনয়ে ফিরছেন বলিউডের এক সময়কার জনপ্রিয় তারকা শিল্পা শেঠি। ২০০৭ সালে ‘আপনে’ ছবিতে তাকে সর্বশেষ অভিনয় করতে দেখা গিয়েছিল। তারপর ‘দোস্তানা’ ও ‘ঢিশক্যাঁও’ ছবিতে তাকে আইটেম ডান্সে দেখা যায়। কিন্তু কোনো ছবিতে অভিনয় করেননি তিনি।

ছেলে ভিভানের জন্মের পর থেকে ৪৪ বছর বয়সী এই অভিনেত্রী অভিনয় থেকে দূরে ছিলেন। পরিবারকে সময় দেওয়ার জন্যই তার এই বিরতি। তবে ‘নাচ বলিয়ে’, ‘ঝলক দিখলা যা’, ‘সুপার ডান্সার’-এর মতো ছোট পর্দার শোতে তাকে দেখা গেছে ঠিকই। নতুন খবর হলো, এ বছর দুটি ছবিতে অভিনয় করতে যাচ্ছেন শিল্পা শেঠি।
তবে সেই ছবি দুটি সম্পর্কে কিছু বলেননি তিনি। ছবি দুটির নাম খুব শিগগিরই ঘোষণা দেওয়া হবে।